রসূলুল্লাহ্ ﷺ একদল আম্বিয়াকে কেয়ামতের দিন দেখবেন যাদের কোন অনুসারী থাকবেনা। এটা মানে কি যে সেসব আম্বিয়াগণ ব্যর্থ? না, বরং তারা তাদের দায়িত্ব পালন করেছেন, পূর্ণরূপে, কিন্তু কেউ তাদের ডাকে সাড়া দেয়নি। যদি তাঁরা একজনকেও না পায়, তার সাথে ব্যর্থতার কোন সম্পর্ক নেই। কারণ, হিদায়াত আল্লাহ্‌র হাতে এবং কোন আম্বিয়া বা অন্য কারও হাতে না। আমরা কি বলতে পারি, রসূলুল্লাহ্ ﷺ এর দাওয়াহ্ তাঁর নিজ চাচা আবু তালিবের ক্ষেত্রে ব্যর্থ হয়েছিল? একটুও না। তিনি তাঁর দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন এবং তাঁর থেকেও বেশি করেছেন। তাঁর চাচার অন্তর আল্লাহর হাতে ছিল, রসূলুল্লাহ্ ﷺ -এর হাতে নয়।

আমাদের ইতিহাসে এমন কিছু ঘটনা আছে। যেখানে মুসলিমরা কোন এক যুদ্ধ ক্ষেত্রে পরাজিত হয় এবং তাদেরকে বলা হতো যে, তারা আর কখনও নিজেদের পায়ে দাঁড়াতে পারবে না। এগুলোর মাঝে সবচেয়ে জঘন্যতম যুদ্ধ ছিল আত-তাতারদের সাথে হিজরী ৬৬৬ সালে। যখন তাতাররা ইরাকের আশ শামে প্রবেশ করেছিল এবং ৪০ দিন অবস্থান করেছিল, তারা সেই ৪০ দিনে ১০ লক্ষ এর উপর মানুষকে হত্যা করেছিল। যা গড়ে প্রতিদিন প্রায় ২৫,০০০ জন হয়। তারা তখন আশ-শামের ভিতর অগ্রসর হতে থাকে এবং প্রতিটি যুদ্ধে মুসলিমদের পরাজিত করতে থাকে। মুসলিমরা সে সময় ভীষণ হতাশাগ্রস্ত হয়ে পড়েছিল। তারা অনুভব করছিল যে, তাতাররা একটি অপরাজেয় জাতি এবং তাদেরকে পরাজিত করা অসম্ভব। তাদের (তাতারদের) আর কিছু জায়গা দখল করতে বাকি ছিল, যাতে তারা পুরো মুসলিম সাম্রাজ্য দখল করতে পারত। কিন্তু কি ঘটেছিল? আল্লাহ্ মুসলিমদের এই পরীক্ষা দ্বারা পরিশুদ্ধ করেছিলেন এবং তারা তাদের দো'আ এবং জিহাদের ক্ষেত্রে আন্তরিক হয়। তারা তখন তাতারদের 'আইন-জালুত' যুদ্ধে পরাজিত করে। এটি একটি সংকটময় পরাজয় ছিল এবং সেই সাথে ছিল একটি গুরুত্বপূর্ণ আবর্তন। যখন মুসলিমরা জয় লাভ করল, তারা তাদের শক্তির জন্য জয়লাভ করেনি। যেহেতু তারা তাদের অধিকাংশ শক্তি তাতারদের কাছে হারিয়েছিল। সুতরাং কেউ যদি যৌক্তিকতার উপর ভিত্তি করে তর্ক করে যে, মুসলিমদের প্রথমদিকে জয় লাভ করা উচিত ছিল, যেহেতু তাদের সৈন্যবাহিনী পরিপূর্ণ ছিল এবং তাদের প্রচুর সম্পদও ছিল। কিন্তু দেখা যায় যে শেষ সময় যখন তারা জয় লাভ করেছিল, তাদের সৈন্যসংখ্যা কমে গিয়েছিল এবং সম্পদও সীমিত হয়ে পড়ে। কেউই কখনও যুক্তি তর্কের মাধ্যমে বা যুক্তির আঙ্গিকে জয় পরাজয় ব্যাখ্যা করতে পারেনা। মুসলিমরা তাদের সংখ্যা বা সম্পদের উপর ভিত্তি করে জয় লাভ করে না। তারা আল্লাহ্‌র ইচ্ছায় জয়লাভ করে। জয় আল্লাহর পক্ষ থেকে একটি উপহার।

আমাদের প্রস্তুতিঃ

আমাদেরকে আমাদের সর্বোচ্চ সামর্থ্য অনুযায়ী প্রস্তুতি নিতে হবে, অতঃপর লড়াই করতে হবে। যদি আমরা হেরে যাই, আমরা আমাদের সামর্থ্য অনুযায়ী সর্বোচ্চ চেষ্টা করেছি এবং আমাদের *জিহাদ ফী সাবিলিল্লাহ*-তে অংশগ্রহণ করার মাধ্যমে আমাদের যে দায়িত্ব পালন করার কথা ছিল তা পূর্ণরূপে পালন করেছি। এক্ষেত্রে আমরা আল্লাহর উপর ফলাফল ছেড়ে দেই। যদিও প্রস্তুতি খুবই গুরুত্বপূর্ণ, বিশেষত আজ যখন যুদ্ধের পদ্ধতিতে উন্নতি সাধিত হয়েছে এবং সেই সাথে জটিলতর হয়েছে। কোন মুসলিম যদি *জিহাদ ফী সাবিলিল্লাহ*-র ব্যাপারে অত্যন্ত প্রত্যয়ী হয়, তাহলে তার প্রস্তুতির জন্য সময় দেয়া প্রয়োজন। কোন মুসলিম যদি পর্যাপ্ত প্রস্তুতির অভাবে পরাজিত হয়, তবে সে জন্য সে কৈফিয়ৎ দিতে বাধ্য থাকবে। উপরন্তু কোন মুসলিম যদি *জিহাদ ফী সাবিলিল্লাহ*-র জন্য একেবারেই প্রস্তুতি গ্রহণ না করে; তবে সে অনুরূপ কাজের কারণে বা অনুরূপ অবস্থায় পাপ অর্জন করছে, কারণ যখন *জিহাদ* ফারদ্ *আল-আইন*, তখন প্রস্তুতিও ফারদ্ আল আইন এবং *জিহাদ* যখন ফারদ্ *আল কিফায়াহ*, তখন প্রস্তুতিও ফারদ্ *আল কিফায়া*। সুতরাং জিহাদের প্রস্তুতির হুকুম জিহাদের হুকুমের অনুরূপ। যদি আমরা বলি যে *জিহাদ* যুদ্ধের উপর নির্ভর করে ,তবে তা *জিহাদ ফী সাবিলিল্লাহ* বন্ধ হয়ে যাওয়া এবং হতাশা বিস্তৃত হওয়ার পূর্বশর্ত হিসেবেই কাজ করবে। আমরা আমাদের সংখ্যা বা প্রস্তুতির উপর ভিত্তি করে যুদ্ধ করছি না।

এটা সম্ভব যে আমাদের সংখ্যা প্রত্যেক ক্ষেত্রে আমাদের শত্রুদের থেকে বেশি এবং তবুও আমরা পরাজিত হয়েছি। কেন? কারণ আমরা জয়লাভের শর্তসমূহ পূর্ণ করিনি। আল্লাহ্ আমাদের অন্তরকে পরিশুদ্ধ করতে চান । তখন আমরা ইনশাআল্লাহ্ জিতব।

আমরা জয়লাভের জন্য দায়বদ্ধ না। আল্লাহ্ আমাদের যে কাজের আদেশ দিয়েছেন, আমরা সেই কাজ পালন করি কিনা, আমরা সে ব্যাপারে দায়বদ্ধ। আমরা জিহাদের জন্য যুদ্ধ করি, কারণ তা আমাদের উপর ফারদ্। আমরা জয়লাভ বা পরাজয় বরণ করার উদ্দেশ্যে *জিহাদ* করি না, আমাদেরকে প্রস্তুতি এবং *জিহাদ ফী সাবিলিল্লাহ*র ইবাদত পরিপূর্ণ করার ক্ষেত্রে আমাদের অংশের দায়িত্ব পালন করতে হবে, অতঃপর আমাদেরকে আল্লাহর কাছে দো'আ করতে হবে। ঠিক যেমনি করে 'বদরের' যুদ্ধের আগে রসূলুল্লাহ ﷺ একজন মানুষের পক্ষে সর্বোচ্চ যা করার তাই করেছিলেন, যেমন সৈন্য সংখ্যা বৃদ্ধি করা, মুসলিমদের যুদ্ধ করতে উৎসাহ প্রদান করা,পদমর্যাদা বিস্তৃত করা, সঠিক জায়গা নির্বাচন এবং আরও অনেক কিছু। যখন তা সব করা শেষ হল, তখন তিনি কি করলেন? তিনি একটি আলাদা নির্জনে চলে গেলেন এবং আল্লাহর কাছে আন্তরিকভাবে একটি দীর্ঘ দো'আ করলেন; যাতে আল্লাহ্ মুসলিমদের বিজয় দান করেন।

অধ্যায়ঃ ৫

পঞ্চম বৈশিষ্ট্যঃ বিজয় শুধু সেনাবাহিনীর বিজয়ের মাঝে সীমাবদ্ধ নয়

আলী ﵁ -কে জিজ্ঞাসা করা হল, "তোমরা কিভাবে তোমাদের শত্রুদের পরাজিত কর?" তিনি বললেন, "যখন আমি আমার শত্রুর মুখোমুখী হই, আমি দৃঢ়ভাবে বিশ্বাস করতে থাকি যে, আমি তাকে পরাজিত করব আর যখন সে বিশ্বাস করে যে আমি তাকে পরাজিত করব। সুতরাং আমার থেকে এবং তার নিজ থেকে আমাকে তার বিরুদ্ধে জয়লাভ করতে সাহায্য করে।"

পঞ্চম বৈশিষ্ট্যঃ বিজয় শুধু সেনাবাহিনীর বিজয়ের মাঝে সীমাবদ্ধ নয়।

জয়লাভের বিষয়টিকে আমাদের ভাষাগত এবং প্রথাগত জয়লাভের মাঝে সীমাবদ্ধ রাখা উচিত নয়। ইসলাম তাই শব্দটিকে নতুন করে সংজ্ঞায়িত করেছে। ইসলাম অনেক পুরানো শব্দের পরিমার্জন বা পরিবর্ধন করেছে। উদাহরণস্বরূপ, ইসলাম পূর্ব যুগে আরবে *সলাত* বলতে দো'আ বুঝানো হত। কিন্তু ইসলামের আগমনের সাথে সাথে তার একটি নতুন অর্থ প্রদান করে এবং সে অর্থেই আগে আমরা *সলাত*কে বুঝি, ইবাদত অর্থে। *সিয়াম* বলতে বুঝাতো কোন কিছু বর্জন করা। যেখানে ইসলাম এই অর্থ পরিবর্তন করে এইভাবে সংজ্ঞায়িত করে যে, সুবহে সাদিক হতে সন্ধ্যা পর্যন্ত খাদ্য ও পানীয় হতে বিরত থাকা। সুতরাং আমরা যখন বিজয়ের কথা বলি, আল্লাহ ﷻ বিজয়ের একটি নতুন অর্থ দিয়েছেন।

মুসলিমদের একটি বড় অংশ মনে করে যে, মুসলিমদের জয় বলতে যুদ্ধ ক্ষেত্রে শারীরিক জয়কে বোঝায়। আমরা যদি নিবিড়ভাবে কুরআন অধ্যায়ন করি তাহলে আমরা দেখি যে, আল্লাহ ﷻ এ ধরনের বিজয়ের ওয়াদা করেননি। একজন ব্যক্তি যে আল্লাহর পথে জিহাদ করে, এর মানে এই নয় যে সে প্রতিটি যুদ্ধেই জয় লাভ করবে। আল্লাহ্ মহামহিম বলেনঃ

﴿إِنْ يَمْسَسْكُمْ قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِثْلُهُ وَتِلْكَ الْأَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَتَّخِذَ مِنْكُمْ شُهَدَاءَ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ﴾

"যদি তোমাদের আঘাত লেগে থাকে, অনুরূপ আঘাত তো তাদেরও লেগেছে। মানুষের মধ্যে এই দিনগুলির পর্যায়ক্রমে আমি আবর্তন ঘটাই, যাতে আল্লাহ্ মু'মিনগণকে জানতে পারেন এবং তোমাদের মধ্য হতে কতককে শহীদরূপে গ্রহণ করতে পারেন এবং আল্লাহ্ যালিমদেরকে পছন্দ করেন না।"[৪৩]

এই আয়াত যখন নাযিল হয়েছিল, তখন তারা অবাক হয়েছিল যে, তারা কেন হেরে গিয়েছিল? কারণ 'বদরে' তাদের কৌশল এবং বিজয় তাদেরকে ভাবতে শিখিয়েছিল যে তারা সব যুদ্ধে জয়লাভ করবে। সুতরাং আল্লাহ্ তাদের কাছে বর্ণনা করেন যে এটা তার ইচ্ছা। একদিন তোমরা জয়লাভ করবে, একদিন তোমরা পরাজিত হবে। এই আয়াত এজন্যই নাযিল হয়েছে যে, আমরা যেন দেখি যে আল্লাহর এই বিধান চলতে থাকবে।

আমরা যদি আমাদের পরিধীকে আরো প্রশস্ত করি, তাহলে আমরা অনুধাবন করতে পরবো যে, যে কেউ ইসলামের চূড়ায় (জিহাদ) পৌছাবে, তারা কখনও পরাজিত হবে না বরং সর্বদাই জয়ী হবে, তবে এক্ষেত্রে সবসময় শারীরিকভাবে জয়ী হওয়া শর্ত নয়।

ইসলামে বিজয়ের ১১ টি অর্থ রয়েছেঃ

বিজয়ের প্রথম অর্থঃ ৮টি প্রতিবন্ধকতার বিরুদ্ধে বিজয়

সবচেয়ে বড় বিজয় হল নিজের বিরুদ্ধে, শয়তানের বিরুদ্ধে, দুনিয়ার বন্ধনের বিরুদ্ধে বিজয়। মুজাহিদীনরা এক্ষেত্রে বিজয় লাভ করে যেখানে উম্মতের অধিকাংশই তা অর্জন করতে ব্যর্থ হয়।

জিহাদ ফী সাবিলিল্লাহ তে যাওয়ার ব্যাপারে এবং ত্যাগ করার ব্যাপারে আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ﴾

"বল, তোমাদের নিকট যদি আল্লাহ্, তাঁর রসূল এবং আল্লাহর পথে *জিহাদ* করা অপেক্ষা অধিক প্রিয় হয় তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের স্বজাতি, তোমাদের অর্জিত সম্পদ, তোমাদের ব্যবসা-বাণিজ্য যার মন্দা পড়ার আশংকা

[৪৩] সূরা আলে-ইমরানঃ ১৪০

কর এবং তোমাদের বাসস্থান যা তোমরা ভালবাস, তবে অপেক্ষা কর আল্লাহর বিধান আসা পর্যন্ত। আল্লাহ্ সত্যত্যাগী সম্প্রদায়কে সৎপথ প্রদর্শন করেন না।"[৪৪]

এখানে একজন মুসলিম এবং জিহাদের মাঝে ৮টি প্রতিবন্ধকতার কথা বলা হয়েছে। এছাড়া অন্য প্রতিবন্ধতা থাকলে এগুলোর সাথে সম্পর্ক যুক্তই হবে। দেখা যাক প্রত্যেক প্রতিদ্ধকতা।

১) **<u>তোমাদের পিতাঃ</u>** বর্তমান সময় ইসলামের প্রতি দায়িত্ব পালনের জ্ঞানের ক্ষেত্রে উম্মাহ্ বেশ দূর্বল। তারা বলে তারা আল্লাহ্ ও তাঁর রসূল ﷺ-কে ভালবাসে কিন্তু তারা সত্যিকার অর্থে জানেনা যে, আল্লাহ্ তাদের কাছে কি আশা করেন এবং তাদেরকে কিসের হুকুম করেন। *জিহাদ ফী সাবিলিল্লাহ্* বর্তমানে একটি *ফারদ্* (আবশ্যিক)। যদিও খুব কম ক্ষেত্রেই আমরা পিতামাতাকে তাদের সন্তানদের জিহাদের ব্যাপারে উৎসাহিত করতে দেখি। অধিকাংশ ক্ষেত্রে পিতা শ্রেনী উম্মাহর মাঝে একটি বড় প্রতিবন্ধক। পিতারা তাদের পুত্রদের *জিহাদ ফী সাবিলিল্লাহ্*র অংশ গ্রহণের অনুমতি দেয় না। উমার বিন খাত্তাব رضي الله عنه বলেনঃ *"যদি আমরা আমাদের পিতাদের অমান্য না করতাম, আমাদের কেউই জিহাদ ফী সাবিলিল্লাহ্-য় অংশ গ্রহণ করতে পারতাম না।"* পিতা-মাতার অবাধ্যতা এক্ষেত্রে একটি গুণ, যেহেতু সে আল্লাহ-কে মান্য করেছে। এছাড়া যা শরীয়ার সাথে একই রেখায় অবস্থিত তার সবকিছুই মান্য করতে হবে। যখনই সেগুলোয় সংঘাতের সৃষ্টি হয়, তখন সকলকে আল্লাহ্র হুকুমকে প্রাধান্য দিতে হবে। সুতরাং এর মাধ্যমে এটাই প্রতীয়মান হয় যে, যে ব্যক্তি আল্লাহ্র আদেশ পালন করার জন্য পিতা-মাতার অবাধ্য হয়, সে পিতা-মাতার সাথে আল্লাহর জন্যই সম্পর্ক বজায় রাখে। এটা আল্লাহ্-কে সন্তুষ্ট করার একটি উপায় মাত্র।

২) **<u>তোমাদের সন্তানঃ</u>** প্রত্যেক পিতা-মাতার কাছেই নিজের সন্তান অত্যন্ত প্রিয়। রসূল ﷺ বলেনঃ *"সন্তান তোমাদের কৃপণতা বা নীচতা এবং কাপুরুষতার কারণ।"* এই দু'ধরনের অসুখই মানুষকে আক্রান্ত করে শুধু তারা ব্যতীত যাদেরকে আল্লাহ্ চান। কেন পিতা-মাতা কৃপণ হয়? যেহেতু সন্তান হওয়ার পরপরই তাদের পোশাক, খাবার, খেলনা ইত্যাদির জন্য এত অর্থ ব্যয়ের প্রয়োজন হয় যে, অর্থ প্রদানের ক্ষেত্রে তাদের হাত সংকীর্ণ হয়ে যায়। এটা একই সাথে মানুষকে দ্বিতীয়বার ভাবতে শিখায়। যখন কাউকে জিজ্ঞাসা করা হয়, *"কেন তুমি জিহাদ ফী সাবিলিল্লাহ্র উদ্দেশ্যে বাইরে বেড়িয়ে পড়ছো না?"* তারা উত্তর দেয়, *"আমার পরিবারের দেখা শোনা করাই আমার জিহাদ।"* সে বোকার মত নিজেকে মুজাহিদ *ফী সাবিলিল্লাহ্* মনে করে। তার পরিবার তার *জিহাদ ফী সাবিলিল্লাহ্* পালন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা। এটা দূর্ভাগ্যজনক যে, এই অসুখ তাদের মাঝেও পৌছে গিয়েছে যারা *জিহাদ ফী সাবিলিল্লাহ্* বোঝে এবং যারা একসময় মুজাহিদীন ছিল কিন্তু তারা বিবাহ করার, সন্তান গ্রহণ এবং অন্য যেকোন কারণে তাদের পিছনে থেকে যাওয়ার বাহানা হয়ে দাঁড়ায়। এটা একটি ফিৎনা যা তাদের নিচে নামিয়ে দেয়। কাজেই যাদের ফিরে যাওয়ার জন্য পরিবার রয়েছে তাদের *জিহাদ ফী সাবিলিল্লাহ* পালনে দ্বিগুণ প্রতিদান পাওয়ার সম্ভবনা রয়েছে। সাহাবাদের দিকে চেয়ে দেখ, তাঁরা অধিকাংশ ফিৎনার মুখোমুখী হয়েছেন। তারা একের অধিক স্ত্রীকে বিবাহ করেছেন। তাদের এক বা দু'এর অধিক সন্তান ছিল এবং পরিবারের প্রয়োজন পূরণ করার জন্য প্রয়োজনীয় সম্পদের পরিমাণ ছিল সীমিত। তবুও তারা সর্বোচ্চ পদক্ষেপ *জিহাদ* ফী সাবিলিল্লায় অংশ নিয়েছিলেন। যখন রসূলুল্লাহ্ ﷺ মক্কা হতে মদীনায় হিজরত করেন, কিছু সংখ্যক মুসলিম পিছনে থেকে গিয়েছিল, যেহেতু তাদের অন্তর তাদের পরিবারের দেখা শোনা করার জন্য পরিবারের মাঝেই বন্দী হয়ে গিয়েছিল, যদিও হিজরত করা তখন ফারদ্ আল-'আইন ছিল। সপ্তাহ চলে গেল, এক এক করে মাস, বছর কেটে গেল এবং ক্রমান্বয়ে মুসলিমরা মক্কা জয় করে। এই মুসলিমরা যারা পিছনে থেকে গিয়েছিল, সবচেয়ে বড় সুযোগই তারা হারালো। রসূলুল্লাহ্ ﷺ এর সহযোগী হয়ে যুদ্ধ করা, রসূলুল্লাহ্ ﷺ হালাকাগুলোতে অংশগ্রহণ করা, মসজিদে আন-নববীতে রসূলুল্লাহ্ ﷺ এর খুত্বাহ অংশগ্রহণ করা, রসূলুল্লাহ ﷺ এর তারবিয়্যাহতে অংশগ্রহণ, মদীনার ইসলামিক গোষ্ঠীর সাথে বসবাস এবং এরূপ আরও কত কিছু। তারা এত কিছু হারিয়েছে শুধু একটি কারণে যে তারা হিজরত করেনি। ইবনুল কাইয়্যিম رحمه الله বলেনঃ *"সৎকর্ম বাড়তে থাকে এবং গুনাহ্সমূহও বাড়তে থাকে।"* হিজরত না করা একটি পাপ ছিল যা বেড়ে গিয়েছিল। তারা এমন কত কিছু যে হারিয়েছিল। ভাল কাজের বৃদ্ধি পাওয়ার একটি উদাহরণ হল যে, একজন মসজিদে যাওয়ার এবং জামা'আতে প্রার্থনা করার জন্য মনস্থ করল। সুতরাং মসজিদের পথে প্রত্যেক পদক্ষেপে সে আজর লাভ করে। প্রত্যেকবার সে যখন তার ভাইদের সাথে হাত মিলায়, সে আজর প্রাপ্ত হয় এবং তার গুণাহসমূহ ঝড়ে পড়ে। সে তাহিয়্যাতুল মসজিদের সলাতের জন্য আজর প্রাপ্ত হয়। সে সুন্নাহ্ সলাতের জন্য আজর প্রাপ্ত হয়। সে জামা'আতের সলাতের জন্য আজর প্রাপ্ত হয়। অতঃপর সে গৃহের ফিরতি পথে প্রতি পদক্ষেপে আজর প্রাপ্ত হয়। আর গুণাহসমূহ বৃদ্ধি লাভ করার উদাহরণ হল,

[৪৪] সূরা আত-তওবাঃ ২৪

একজন মদ খায় এবং মাতাল হয়। সে তখন জিনা বা ব্যভিচারে লিপ্ত হয়। অতঃপর সে বাইরে যায় এবং অন্যকে হত্যা করে। অতঃপর সে গাড়ি চালাতে গিয়ে দূর্ঘটনার শিকার হয় এবং মদ্যপ হওয়ার কারণে অন্যকে হত্যা করে।

সুতরাং মক্কার মুসলিমরা দেখল যে, এসব মুসলিমরা যাঁরা মক্কা বিজয় করেছে সম্মানের দিক দিয়ে তারা অধিকতর মহান। তাঁরা অনেক বেশি শুদ্ধ। তাঁদের জ্ঞানের পরিধিও বেশি। তাঁরা কুরআনের অধিকাংশ মুখস্ত করেছে, যেখানে মক্কার মুসলিমরা মাত্র কয়েক আয়াত জানে। তাঁরা বদর, উহুদ, খন্দক ইত্যাদি যুদ্ধে অংশ নিয়েছে। সুতরাং এসব মুসলিমরা তাদের পরিবার নিয়ে হতাশাগ্রস্ত হয়ে পড়ল, যারা তাদের পিছনে থেকে যাওয়ার কারণ। আল্লাহ্ তখন কুরআনের আয়াত নাযিল করলেন।

﴿ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّ مِنْ أَزْوَاجِكُمْ وَأَوْلَادِكُمْ عَدُوًّا لَكُمْ فَاحْذَرُوهُمْ ... ﴾

"হে মু'মিনগণ! তোমাদের স্ত্রী ও সন্তান-সন্ততিগণের মধ্যে কেউ কেউ তোমাদের শত্রু, অতএব তাদের সম্পর্কে সতর্ক থাকবে...।"[৪৫]

পৃথিবীর দৃষ্টিকোণ থেকে যারা তোমার সবচেয়ে কাছের দেখাচ্ছে, হতে পারে সত্যিকার অর্থে, তারা তোমাদের বড় শত্রু। তারা তোমার জিহাদের সময় তোমাকে দূরে সরিয়ে রাখতে চায়। তখন এসব মুসলিম গৃহে গমন করে লাঠি নেয় এবং তাদের স্ত্রীদের ও সন্তানদের প্রহার করতে শুরু করে এই বলে যে, "দেখ তোমরা আমার কি করেছ? আমি তোমাদের জন্য সব *নেকী* লাভে ব্যর্থ হয়েছি। তখন আল্লাহ্ বাকি আয়াত নাযিল করলেনঃ

﴿... وَإِنْ تَعْفُوا وَتَصْفَحُوا وَتَغْفِرُوا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴾

"....তোমরা যদি তাদেরকে ক্ষমা কর, তাদের দোষ-ত্রুটি উপেক্ষা কর, তাদেরকে ক্ষমা কর, তবে জেনে রাখ, আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।"[৪৬]

এখন তোমাদের স্ত্রীদের ও সন্তানদের উপর কোন বেদম প্রহার তোমাদের জন্য কোন ভাল কিছু বয়ে আনবে না। এটা কোন কিছু পরির্তন করতে পারবে না। অনেক দেরী হয়ে গিয়েছে। সর্বোচ্চ যা তুমি করতে পারো তা হল, তাদের ক্ষমা করতে এবং কাজে লিপ্ত হতে। সুতরাং আমাদেরকে পরিবার সম্পর্কে অত্যন্ত সতর্ক হতে হবে, কারণ তারা আমাদের উপর অবশ্যকরণীয় ইবাদত *জিহাদ* ফী সাবিলিল্লিাহর পথে বাধা হয়ে দাড়াতে পারে।

৩) **<u>তোমাদের ভাইঃ</u>** এটা হতে পারে যে তারা তোমার জন্য একটি বাধা, হতে পারে তারা তোমাকে সমর্থন করছে না বা সাহায্য করছে না বা তারা তোমার বিষয় সমূহের যত্ন করছে না, যা তুমি পিছনে ফেলে এসেছ।

৪) **<u>তোমাদের আত্মীয়-স্বজনঃ</u>** বর্তমান সময়ে আমরা এটাকে জাতি বলে অভিহিত করি বা স্বদেশ ভূমি, দেশ এবং জাতীয়তাবাদ, এসব কিছুই প্রতিবন্ধক, মানুষ অবশ্যকরণীয় *জিহাদ ফী সাবিলিল্লাহ্*র পূর্বে জাতি সত্তার গুরুত্ব দেয়। মানুষ বলে, তাদের জাতির মাঝে শান্তি বজায় রাখা কেন প্রয়োজন? কারণ এটি জাতির একটি মাসায়েল। এটা বলা ভুল, প্রথমত, আমাদের দ্বীন এর মাসায়েল দেখতে হবে, জাতির নয়, বিভিন্ন জাতি আসবে যাবে। কিন্তু আমাদেরকে আল্লাহ্র দ্বীনের জন্য কাজ করতে হবে।

অনেক ভাই এবং ইসলামিক জামা'আহ আছে যারা জাতির বিভিন্ন সমস্যা প্রতিহত করার নামে *জিহাদ ফী সাবিলিল্লাহ্* হতে বিরত থাকে। উদাহরণস্বরূপ, কিছু মুসলিম দেশের কতিপয় মুসলিমরা বলে যে, তারা *জিহাদ* চায় না, কারণ এর ফলে কুফ্ফাররা আসবে এবং তাদের সমস্যা সৃষ্টি করবে। এটা *জিহাদ ফী সাবিলিল্লাহ*র বিরুদ্ধে কোন যুক্তিই হতে পারেনা। তোমাকে তাই করতে হবে যা আল্লাহ্ তোমাকে দিয়ে করাতে চান এবং ফলাফলের জন্য দুঃখ করা যাবে না। এটা আল্লাহ্র হাতে। আল্লাহ্ তাদের ধ্বংস করে দিতে পারেন, অথবা তাদের অন্তর ইসলামের জন্য খুলে দিতে পারেন।

[৪৫] সূরা তাগাবুনঃ ১৪
[৪৬] সূরা আত-তাগাবুনঃ ১৪

তুমি এ ব্যাপারে চিন্তিত হয়ো না। তুমি বিশ্বচালক নও। আল্লাহ্ আমাদেরকে তার জন্য যুদ্ধ করতে নির্দেশ দিয়েছেন। অনেক মুসলিম জাতীয়তাবাদ বা জাতির পতাকার নিচে যুদ্ধ করে। এটা *জিহাদ ফী সাবিলিল্লাহ্* নয়। তারা শোনে যে তাদের কুরআনের অবমাননা করা হচ্ছে ,অথচ তারা কিছুই করে না। তারা জানে মুসলিম মহিলাদের ধর্ষন করা হয়, তবু তারা কিছুই করে না। কিন্তু যদি তাদের প্রেসিডেন্ট বা রাজা তাদেরকে কোন মুসলিম জাতির বিরুদ্ধে যুদ্ধ করতে বলে, তারা সারি বেঁধে দাড়ায় এবং যুদ্ধ করে। তারা ইসলামের জন্য যুদ্ধ করে না।

৫) সম্পদ যা তুমি অর্জন করেছো এবং সেই ব্যবসা যেটার লোকসান হবার ভয় করঃ এখানে দু'টি প্রতিবন্ধকতা আছে যা সম্পর্ক যুক্ত। সেই সম্পদ যার সাথে তুমি রয়েছো। যে নগদ অর্থ তোমার আছে এবং যে ব্যবসা তোমার আছে। কিছু মানুষ পিছিয়ে থাকে এবং দোকান, রেস্তোরা, এমনকি তাদের অধীনস্থদের জন্য *জিহাদ* ফী সাবিলিল্লায় অংশগ্রহণ করে না, এসবই প্রতিবন্ধক। কেউ আবার সামাজিক মর্যাদা যেমন- ডাক্তার, ইঞ্জিনিয়ার হওয়ার কারণে *জিহাদ ফী সাবিলিল্লাহয়* অংশ গ্রহণ করে না। কিন্তু *জিহাদ ফী সাবিলিল্লাহ* ফারদ্-আল-'আইন হলে তুমি উদাসীন ভাবে বসে থাকতে পারনা। হ্যাঁ, আমাদের ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষকের প্রয়োজন আছে, কিন্তু কেউ কি বলতে পারে যে, "আমি ডাক্তার হওয়ার জন্য *সলাত* ও *সীয়াম* পালন করব না?" কেউ কি তা বলে? *জিহাদ* এবং *সলাত* এবং সাওমে কোন পার্থক্য নেই। এসবই ইবাদত। যখন সাহাবীগণ এই মর্মে বাইয়্যাত নিল যে, তারা রসূলুল্লাহ ﷺ-কে সেভাবে নিরাপত্তা দিবে, যেভাবে তারা তাদের পরিবারের নিরাপত্তার ব্যবস্থা করে, তখন তাদের ব্যবসা বাণিজ্যের অবনতি ঘটল। তারা তাদের ব্যবসা ক্ষেত্র বা খামারের যত্ন নিতে পারত না, যদিও সেগুলোর ভাল যত্নের প্রয়োজন ছিল। সুতরাং তাদের আয়ের উপর বিশেষ প্রভাব পড়ল। কিন্তু যখন রসূলুল্লাহ্ ﷺ মক্কা জয় করলেন এবং তারা বলল, "আলহামদুলিল্লাহ, আমরা সবসময় রসূলুল্লাহ্কে ﷺ সমর্থন করেছি এবং এখন তাঁর জন্মভূমি যুক্ত হয়েছে এবং এখন আমরা ফিরে গিয়ে আমাদের খামারের দেখা শোনা করতে পারব। আল্লাহ্ এই আয়াত নাযিল করলেনঃ

﴿ وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴾

"তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজদেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করো না। তোমরা সৎকাজ কর, আল্লাহ্ সৎকর্মপরায়ণ লোককে ভালবাসেন।"[৪৭]

যা আনসাররা করতে যাচ্ছিল তা আল্লাহর পক্ষ হতে ধ্বংস হিসেবে ঘোষিত হয়েছিল। সব মিলিয়ে তারা যা করতে চেয়েছিল,তা হল ফিরে গিয়ে নিজেদের খামার-এ কাজ করা। কিন্তু আল্লাহ্ একে ধ্বংস বললেন, যদিও *জিহাদ* তখন ফারদ্ কিফায়া। আবু আইয়্যুব رضي الله عنه বলেনঃ *"এই আয়াত আমাদের উপর নাযিল হয়েছিল, যারা ছিল একদল আনসার। যখন আল্লাহ্ তাঁর রসূল ﷺ-কে সাহায্য করলেন এবং ইসলামকে আধিপত্য ও কর্তৃত্ব দান করলেন, আমরা বললাম, চল আমরা আমাদের সম্পদের কাছে ফিরে যাই এবং এর উন্নতি করি।"*[৪৮]

৬) **বাসগৃহ যা তোমাকে প্রশান্তি দেয়ঃ** গৃহের আরবী শব্দ *'মাসকান'*, *'মাসকান'* শব্দ *'সাকিনা'* হতে এসেছে। যখন আমরা গৃহে অবস্থান করি, তখন শান্তি ও উদ্ধেগ মুক্ততা অনুভব করি । আমরা প্রাকৃতিকভাবে আমাদের বাসগৃহের সাথে আবদ্ধ থাকি, বিশেষত আমাদের গৃহের কিছু আচার ব্যবস্থায় আমরা অভ্যস্ত হয়ে পড়ি যেমন- যে খাদ্য আমরা খাই, যে বিছানায় আমরা শুই, যে সময়সূচী আমরা অনুসরণ করি। যা কিছুই এই নির্দিষ্ট কর্মসূচীর ব্যঘাত ঘটায়, তা কোন প্রশান্তি নয় বরং নিরাপত্তাহীনতা। একজন মুজাহিদ ফী সাবিলিল্লাহর এই নির্দিষ্ট কর্মসূচীর পরিবর্তন হয়। সে এমন খাদ্য খায় যা তার ঘরে খাওয়া খাদ্যের অনুরূপ নয়। সে যে বিছানায় শোয় তা আরামদায়ক নাও হতে পারে, তার ঘুমের সময়সূচীর পরিবতর্ন হতে পারে। এসবই তাকে ঘরে ফিরিয়ে নিয়ে যেতে পারে। সুতরাং একজন আরব মুজাহিদ যে কোন আফগানের সাথে যুক্ত হবে, সে খাদ্যকে খুব ঝাল হিসেবে দেখবে, তাপমাত্রা এবং কর্মসূচীর পরিবর্তন দেখবে। আব্দুল্লাহ বিন উমার رضي الله عنه আরবের বাইরে এসে আরমেনিয়ায় এক জিহাদে অংশ গ্রহণ করেন। তিনি গরম আবহাওয়ায় অভ্যস্ত ছিলেন। কিন্তু সেখানে তিনি কয়েক ফুট বরফে যুদ্ধ করেছেন। এটা মোটেও সহজ নয় এবং অবশ্যই তা একটি ত্যাগ স্বীকার। আর এজন্যই হয়ত হজ্জ *জিহাদ ফী সাবিলিল্লাহর* সাথে সম্পর্কযুক্ত। যদিও হজ্জ *জিহাদ ফী সাবিলিল্লাহ্*র তুলনায় অত্যন্ত নগণ্য। মানুষকে তার সময়সূচীর পরিবর্তন করতে হয়। যে পোশাক হজ্জে পড়া হয়, তা প্রতিদিনের ব্যবহার্য পোশাক নয়। তুমি চুল ও নখ কাটতে পারবেনা। এসবই হলো ফিতরার সুন্নাহ।

[৪৭] সূরা আল-বাকারাঃ ১৯৫
[৪৮] সুনান আবু দাউদ

কিন্তু তুমি এসব করতে অনুমতি প্রাপ্ত নও। হজের জন্য অর্থেরও প্রয়োজন। যদি তোমার গৃহের প্রতি ভালবাসা থাকে এবং তুমি তীব্র আকাঙ্খী হও এবং এ কারণে *জিহাদ ফী সাবিলিল্লাহ্* হতে দূরে থাক, তখন এটা একটি প্রতিবন্ধকতা। মাঝে মাঝে কোন মুজাহিদ এক বছর বা তার অধিক সময় বাইরে থাকতে পারে। এই প্রতিবন্ধকতার সমাধান হল সবর।

অতঃপর তা আল্লাহ্ সূরা আত-তাওবার এই আয়াতের ধারাবাহিকতায় নাযিল করলেন, **"...যদি আল্লাহ্ ও তাঁর রসূল এবং তাঁর রাস্তায় *জিহাদ* করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর আল্লাহর আদেশের এবং আল্লাহ্ ফাসিক লোকদের পথ দেখান না।"** এখানে আল্লাহ্র আদেশ বলতে তার শাস্তি বুঝানো হয়েছে। যখন কেউ এই ৮টি প্রতিবন্ধকতার বিরুদ্ধে জয়ী হয়, সে এক বিশাল বিজয় লাভ করে এবং সেই সাথে আরেকটি বিজয়ঃ ফাসিক হওয়া থেকে বেঁচে যায়, যেমন আল্লাহ বলেছেন যে, যারা এই সব প্রতিবন্ধকতাকে পরাস্ত না করবে, তারা *ফাসিকুন*। তুমি এই বিজয় অর্জন করতে পারবে, যখন তুমি প্রমাণ করবে যে, তুমি শুধু মৌখিকভাবে নয়, বাস্তবক্ষেত্রেও আল্লাহকে, তাঁর রসূল ﷺ-কে এবং *জিহাদ ফী সাবিলিল্লাহ*কে ভালবাস। অনেক ইসলামিক জামা'আ দাবী করবে যে, তারা তোমাকে আল্লাহ্ ও তাঁর রসূল ﷺ-কে কিভাবে ভালবাসতে হয় দেখাবে। তারা নাশীদ গাবে, কুরআন তিলওয়াত করবে, কুরআন নিয়ে আলোচনা করবে, সুন্নাহ নিয়ে আলোচনা করবে এবং এভাবে আরও অনেক কিছু করবে। কিন্তু তুমি যদি সত্যি সেই ভালবাসা দেখাতে চাও, তবে বেড়িয়ে পড় এবং মুজাহিদ হও। তখন তোমার আর অধিক কথা বলার প্রয়োজন নেই, কারণ তুমি তা কাজে দেখিয়েছ। ঈমানকে কাজের মাধ্যমে প্রকাশিত হতে হবে।

বিজয়ের দ্বিতীয় অর্থঃ শয়তানের বিরুদ্ধে বিজয়

যদি কোন মুসলিম জিহাদ ফী সাবিলিল্লাহর উদ্দেশ্যে বেড়িয়ে পড়ে সে শয়তানের বিরুদ্ধে বিজয় লাভ করে। আবু হুরায়রা رضي الله عنه বর্ণনা করেন, রসূলুল্লাহ্ ﷺ বলেনঃ *"শয়তান তোমাকে ঈমানের পথে বিরত রাখতে চেষ্টা করে এবং তোমাকে বলে, 'তুমি কি তোমার ধর্ম এবং তোমার পূর্ব পুরুষদের ধর্ম ত্যাগ করতে যাচ্ছ?' কিন্তু এই বান্দা তাকে অগ্রাহ্য করে। অতঃপর শয়তান তাকে হিজরতের পথে বিরত রাখতে চেষ্টা করে। শয়তান তাকে জিজ্ঞাসা করে, 'তুমি কি তোমার পরিবার ও সম্পদ ত্যাগ করতে যাচ্ছ?' কিন্তু এই বান্দা তাকে অগ্রাহ্য করে। অতঃপর শয়তান তাকে জিহাদ ফি সাবিলিল্লাহ্ পথ থেকে বিরত রাখতে চেষ্টা করে, শয়তান তাকে বলে, 'তুমি কি যুদ্ধ করতে এবং নিহত হতে যাচ্ছ? তোমার স্ত্রী অন্য কাউকে বিবাহ করবে এবং তোমার সম্পদ বিভক্ত করা হবে?' কিন্তু সে তাকে অগ্রাহ্য করে এবং জিহাদ করে।' রসূলুল্লাহ্ ﷺ বলেন, 'এই বান্দার জন্য আল্লাহ্র ওয়াদা যে, তিনি তাকে জান্নাতে দাখিল করবেন'।"*[৪৯]

বিজয়ের তৃতীয় অর্থঃ মুজাহিদরা সুপথপ্রাপ্ত

আল্লাহর বাণী অনুযায়ী মুজাহিদগণ তাদের অন্তর্ভূক্ত যাদের সম্পর্কে আল্লাহ্ বলেনঃ

﴿ وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ ﴾

"যারা আমার উদ্দেশ্যে সংগ্রাম করে আমি তাদেরকে অবশ্যই আমার পথে পরিচালিত করব। আল্লাহ্ অবশ্যই সৎকর্ম পরায়ণদের সঙ্গে থাকেন।"[৫০]

এটা কি বিজয়ের একটি রূপ নয় যে তুমি পথপ্রাপ্ত হয়েছো? আমরা সবাই কি সঠিক পথের অনুসন্ধানে লিপ্ত নই? আল্লাহ্ ﷻ আমাদের বলেন যে, যদি তোমরা মুজাহিদদের অন্তর্ভূক্ত হও, তবে তুমি আল্লাহ্ কর্তৃক পথপ্রাপ্ত হবে। যদি উম্মাহ *জিহাদ ফী সাবিলিল্লাহ*তে অংশগ্রহণ করে, তবে পুরো উম্মাহ পথ প্রাপ্ত হবে, যে কারণে আমরা পথভ্রষ্ট হয়েছি তা হল এই যে, আমরা *জিহাদ ফী সাবিলিল্লাহ্* ত্যাগ করেছি। কিন্তু যে মূহুর্তে উম্মাহ আগ্রহী হবে, তার দায়িত্ব পালনে দন্ডায়মান হবে এবং *জিহাদ ফী সাবিলিল্লাহ*তে অংশগ্রহণ করবে, আল্লাহ্ উম্মাহকে পথ প্রদর্শন করবেন।

[৪৯] আহমেদ
[৫০] সূরা আনকাবুতঃ ৬৯

আব্দুল্লাহ্ ইবনে উমার ﵁ বর্ণনা করেনঃ "আমি আল্লাহর রসূলকে ﷺ বলতে শুনেছি, *"যখন তোমরা লেনদেনে ব্যস্ত হয়ে পড়বে, ষাড়ের লেজ ধরে থাকবে, কৃষিকাজ নিয়ে সন্তুষ্ট হয়ে পড়বে এবং জিহাদ পরিত্যাগ করবে, আল্লাহ্ তোমাদের উপর অসম্মানকে প্রবল করে দিবেন এবং তোমরা তোমাদের দ্বীনে (সত্যিকার ইসলাম) ফিরে না আসা পর্যন্ত তা তুলে নিবেন না।"*[৫১]

একইভাবে, আমাদের পূর্ববর্তী আলিমগণ যখনই কোন ফাতোয়ার ব্যাপারে দ্বিধাবিভক্ত হয়ে পড়তেন, তারা এটা কোন প্রথম সারির মুজাহিদীনের কাছে পাঠিয়ে দিতেন, কারণ তাঁরা জানতেন মুজাহিদীনরা আল্লাহ্ কর্তৃক পথপ্রাপ্ত।

বিজয়ের চতুর্থ অর্থঃ নিরুৎসাহিতকারীদের বিরুদ্ধে বিজয়

যখন তুমি ফী সাবিলিল্লাহ্র উদ্দেশ্যে বেড়িয়ে পড়, তুমি তাদের বিরুদ্ধে বিজয়ী যারা তোমাকে *জিহাদ ফী সাবিলিল্লাহ*র ব্যাপারে নিরুৎসাহিত করত। তারা তোমার মতই কথা বলে এবং নিজেদের মুসলিম হিসেবে দাবী করে কিন্তু মুজাহিদ হওয়ার প্রমাণ সমূহ বিকৃত করে, আল্লাহ্ তাদের সম্পর্কে বলেনঃ

﴿ لَوْ خَرَجُوا فِيكُمْ مَا زَادُوكُمْ إِلَّا خَبَالًا وَلَأَوْضَعُوا خِلَالَكُمْ يَبْغُونَكُمُ الْفِتْنَةَ وَفِيكُمْ سَمَّاعُونَ لَهُمْ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ ﴾

"তারা তোমাদের সাথে (জিহাদে) বাহির হলে তোমাদের বিভ্রান্তিই বৃদ্ধি করত এবং তোমাদের মধ্যে ফিত্না সৃষ্টির উদ্দেশ্যে ছুটাছুটি করত। তোমাদের মধ্যে তাদের জন্য কথা শুনবার লোক আছে। আল্লাহ্ যালিমদের সম্বন্ধে সবিশেষ অবহিত।"[৫২]

এসব মানুষ তোমাদের সামনে শাইখের বেশে আসতে পারে এবং তোমাদের বলতে পারে যে, এখন *জিহাদ* ফী সাবিলিল্লাহর সময় নয় এবং তারা আলিম হওয়ার কারণে তুমি তাদের কথা শুনতে পার। আল্লাহ্ ﷻ বলেনঃ

"তোমাদের মধ্যে এমন কিছু ব্যক্তি থাকতে পারে যারা তাদের কথা শুনবে।"

কেন তারা এসব লোকের কথা শোনে? কারণ তাদের পদমর্যাদা। তারা তাদের গোষ্ঠীর নেতা, এমনকি আলিমও। তারা মুসলিমদের *জিহাদ ফী সাবিলিল্লাহ্* পালনে নিরুৎসাহিত করে। আর যেই একজন মুসলিমকে *জিহাদ ফী সাবিলিল্লাহ* পালনে নিরুৎসাহিত করে, সে একজন মুনাফিক, কারণ এই আয়াত মুনাফিকদের উদ্দেশ্যে। একজন মুসলিম যখন মুজাহিদ হয়, সে এসব লোকদের অগ্রাহ্য করে। সে এসব লোকদের রাজত্বকে পরোয়া করেনা। একজন মুজাহিদ তাই করে যা আল্লাহ্ তাকে করতে বলেন। এটা বর্তমান যুগের সবচেয়ে বড় ফিৎনা, যা আমরা দেখি বিশেষত আমাদের ছোট ভাইদের মধ্যে। আলিমরা তাদের উৎসাহিত করার বদলে *জিহাদ* ফী সাবিলিল্লাহ্র ব্যাপারে তাদের নিরুৎসাহিত করে। তাদের ইসলামিক জামা'আত প্রস্তুতি গ্রহণ করার বদলে তাদেরকে পিছনে ধরে রাখে। এই আয়াত সাহাবীদের বলেছে যে তোমাদের কেউ কেউ হয়তো তাদের কথা শুনত, সাহাবাদের ঈমানের কোন কমতি ছিল না। কিন্তু তাঁরা এমন লোকের কথা শুধুমাত্র উচ্চ মর্যাদার কারণে শুনে থাকত। কিন্তু আল্লাহ্ মুসলিম সেনাদলের সাথে মুনাফিকদের যাওয়া বন্ধ করে, এসব সাহাবীদের রক্ষা করলেন। যদি তারা যেত, তারা বরং মতনৈক্য বা ফিৎনার বিস্তার করত। এই ফিৎনার ভয়াবহতা এতই বেশি যে, আল্লাহ্ এমন লোকদের ব্যাপারে সাহাবাদের সর্তক করেছেন। আল্লাহ্ মহামহিম বলেনঃ

﴿ فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ خِلَافَ رَسُولِ اللَّهِ وَكَرِهُوا أَنْ يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَقَالُوا لَا تَنْفِرُوا فِي الْحَرِّ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ ﴾

"যারা পশ্চাতে রয়ে গেল তারা আল্লাহর রসূলের বিরুদ্ধাচরণ করে বসে থাকাতেই আনন্দ বোধ করল এবং তাদের ধন-সম্পদ ও জীবন দ্বারা আল্লাহর পথে *জিহাদ* করা অপছন্দ করল এবং তারা বলল, গরমের মধ্যে অভিযানে বের হয়ো না। বল, উত্তাপে জাহান্নামের আগুন প্রচন্ডতম, যদি তারা বুঝত!"[৫৩]

---

[৫১] সুনান আবু দাউদ
[৫২] সূরা আত-তওবাঃ ৪৭

মুজাহিদগণ নিজেদের নফ্সকে, শয়তানকে এবং যারা *জিহাদ ফী সাবিলিল্লাহ্*র ব্যাপারে নিরুৎসাহিত করে তাদের পরাস্ত করে। এটা একটি বড় বিজয়। যখন তারা মানুষকে *জিহাদ ফী সাবিলিল্লাহ*র ব্যাপারে নিরুৎসাহিত করে, মানুষ তখন যুদ্ধ হতে বিরত থাকে। আমাদের অধিকাংশ তরুণ আল্লাহ কে সঠিক উপায়ে সন্তুষ্ট করতে চায় কিন্তু এসব শাইখ এবং ইসলামী ব্যক্তিত্বের কারণে পারেনা, তারা এসব তরুণদের *জিহাদ ফী সাবিলিল্লাহ্* হতে পিছন থেকে ধরে রাখে। দেখ, এসব মর্যাদা সম্পন্ন লোকেরা কত গুণাহ জমা করেছে। তারা যা করছে তা কুফ্ফারদের সেবা করারই নামান্তর। তাদের দাওয়াহ কুফ্ফারদের সেবা দেয়, তারা এর জন্য অর্থ প্রাপ্ত হোক অথবা না হোক। তাদের সাথে ইন্টেলিজেন্স এজেন্সির (গোয়েন্দা বিভাগ) যোগাযোগ থাক অথবা না থাক; এতে কোন পার্থক্য নেই। যদি তোমার কাজ কুফ্ফারদের সেবা দেয় বা উপকারে আসে, তখন তুমি তাদেরই একজন।

বিজয়ের পঞ্চম অর্থঃ জিহাদের পথে দৃঢ়পদ থাকা।

যখন কোন মুজাহিদ দৃঢ়পদ থাকে এবং *জিহাদ ফী সাবিলিল্লাহ*র পথ অনুসরণ করে এবং সব বাধা-বিপত্তির মধ্য দিয়ে অতিক্রম করে, সে বিজয় অর্জন করে। যদি সে *জিহাদ ফী সাবিলিল্লাহ*র উপর স্থির থাকতে সমর্থ হয়, সে সফলকাম। *জিহাদ* বর্তমান যুগে মুসলিমদের জন্য বিরল একটি বিষয়। কিন্তু রসূলুল্লাহ্ ﷺ এর সময় এ চিত্র ছিল না। মানুষ তোমাকে বেড়িয়ে পড়তে উৎসাহ দিত। এমন অনেক কাহিনী আছে, যেখানে পিতারা পরিবারের প্রতি পুত্রদের ফী সাবিলিল্লাহ বেড়িয়ে পড়ার পক্ষে যুক্তি প্রদান করত। তুমি ভাবতে পার বর্তমান অবস্থা কত আলাদা? বর্তমানে অনেক লোক তোমার বিপক্ষে যাবে, তোমার পিতা-মাতা, তোমার বন্ধু-বান্ধব, তোমার সমাজ, তোমার এলাকার মসজিদ, তোমার সরকার এবং আরও অনেকে, যখন কেউ এই 'ইবাদত' বছরের পর বছর চালিয়ে যাবে এবং এ ব্যাপারে সবর করবে, সে বৃহৎ বিজয় অর্জন করবে। আমরা একদিন অথবা একমাসের কথা বলছিনা, যখন তোমার আবেগ বেশি থাকবে তখন করবে, আবার যখন আবেগ কমে যাবে তখন তা ছেড়ে দিবে, এমনটি নয়। আসল পরীক্ষা হল এই পথকে বেছে নেয়া এবং এর উপর দৃঢ়পদ থাকা।

এরকম অনেক মুসলিম আছে যারা *জিহাদ ফী সাবিলিল্লাহ্* হতে ফিরে আসে, তাদের চিন্তা, আদর্শ বদলে যায় এবং জিহাদের চিন্তা তাদের মাথা থেকে বেড়িয়ে যায়। তাদের অধিকাংশই তাদের প্রবৃত্তির কামনা-বাসনা নিয়ে বেঁচে থাকে। তারা দামী গাড়ি ও বড় অট্টালিকা আঁকড়ে ধরে থাকে। যেসব মুসলিম সরকার তাদের ভয় করে, তারা তাদেরকে একটি চাকরী, স্ত্রী, বাসস্থান ইত্যাদি উপহার দিতে চেষ্টা করে, যাতে করে এসব পুরোন মুজাহিদগণ জিহাদের ধারে কাছে আসতে না পারে।

যখন রসূল ﷺ প্রথম দাওয়ার কাজ শুরু করেছিলেন তা ছিল গোপন, তখন কেউ সত্যিকার অর্থে এটাকে গুরুত্ব দেয়নি। কিন্তু যখন তিনি তাঁর দাওয়াহ প্রকাশ করলেন, তখনই শত্রুরা আত্মপ্রকাশ করল- ইসলাম তাদেরকে নিজ নিজ ইচ্ছার এবং মিথ্যা মাবুদের দাসত্ব করা পরিত্যাগ করতে বলল। এটা তাদের নির্ধারিত মর্যাদা বদলে দিল। একদল লোক ছিল যারা তাদের নির্ধারিত মর্যাদার মাধ্যমে সুবিধা ভোগ করত এবং এর ফলে তারা ইসলামের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হল। এটিই বাস্তবতা যে রাজনৈতিক, অর্থনৈতিক এবং ধর্মীয় নেতৃবৃন্দ তাদের নিজ নিজ নির্ধারিত মর্যাদার সুবিধা ভোগ করে থাকে। সুতরাং যখন তারা রসূলুল্লাহ্ ﷺ এর বাণীকে হুমকিস্বরূপ দেখল, তারা তাঁর কাছে আসল এবং তাঁকে কিছু প্রস্তাব করল। তারা তাঁর কাছে ক্ষমতা, সম্পদ এবং নারীর প্রস্তাব করল। এসবই সেসব বিষয় যা বেশির ভাগ পুরুষ আকাঙ্খা করে। রসূলুল্লাহ্ ﷺ এই প্রস্তাবের উপর মন্তব্য করা থেকে বিরত থাকলেন। মূল বিষয় হল, যে কেউ রসূলুল্লাহ ﷺ-কে অনুসরণ করতে চায়, তাকে সে সবের অধিকাংশ বিষয়ের সম্মুখীন হতে হবে, যার সম্মুখীন রসূলুল্লাহ্ ﷺ নিজে হয়েছিলেন। তুমি যখন এই পথের উপর থাকবে, তখন তাদের সেসব প্রস্তাবও তোমার কাছে আসবে। তারা তোমাকে জেলে দিতে চাবে অথবা তোমার পথকে রূদ্ধ করতে চাবে। কিছু মানুষ ছিল যারা দুনিয়ার কাছে পরাজিত হয়েছিল আবার কিছু মানুষ ছিল যারা যুদ্ধক্ষেত্রে পরাজিত হয়েছিল কিন্তু মুজাহিদীনগণ কখনও তাঁদের আদর্শকে পরিত্যাগ করেনি।

বিজয়ের ষষ্ঠ অর্থঃ জান ও মালের কোরবানী

তুমি যদি এই পথের উপর অবস্থান কর, তবে তুমি বিজয় লাভ করেছ, কারণ তুমি তোমার জান, মাল, সময় আল্লাহ্র কারণে কোরবানী করতে আগ্রহী। এই দ্বীনের জন্য কোনবানীই হল বিজয়।

---

[৫৩] সূরা আত-তওবাঃ ৮১

যখন তুমি তোমার সম্পদ, অস্ত্র-সস্ত্র এবং সংখ্যার দিক থেকে দূর্বল হওয়া সত্ত্বেও শত্রুদের বিরুদ্ধে দাঁড়াচ্ছ, যদিওবা বাহ্যিকভাবে তারা তোমার থেকে এ সব ক্ষেত্রে বহু গুণ শক্তিশালি আর তাদের বাহিনী দেখে মনে হচ্ছে পরাজয় প্রায় অবশ্যম্ভবী। তোমার এই দাঁড়ানোই হচ্ছে বিজয়ের একটি সুস্পষ্ট চিহ্ন। এটা এমন বিষয় যা দেখে সহজে একজন মানুষ প্রভাবিত হয়। এটাই তাদের সাহস এবং দৃঢ় বিশ্বাসের প্রমাণ, যে কারণে তারা কোরবানী করতে প্রস্তুত। আমরা আজকে সেই নমুনা ইরাকে দেখি, মুসলিমদের একটি ক্ষুদ্র অংশ আল্লাহ্‌র উদ্দেশ্যে উঠে দাঁড়িয়ে যুদ্ধ করতে আগ্রহী হয়েছে, এমন এক ফৌজের বিরুদ্ধে যারা প্রযুক্তি, প্রশিক্ষণ, অস্ত্র-সস্ত্র, সংখ্যা এবং অন্যান্য ক্ষেত্রে তাদের চেয়ে অধিকতর উন্নত। এটা হল নৈতিক বিজয়। ইতিহাস তাদের কথা মনে রাখে না, যারা মৃত্যুর হাত থেকে নিজেদের রক্ষা করতে চেষ্টা করেছিল।

মুসলিমদের অভ্যন্তরীন দলসমূহ আপনারা যাদেরকে পরাজিত করেছেন, তারা হল সেসব লোক যারা *জিহাদ ফী সাবিলিল্লাহ* কে ঘৃণা করে। একমাত্র সবরই মুজাহিদদের এ পথে চলার চালিকাশক্তি হিসেবে কাজ করে। মুজাহিদীনরা যে দো'আ করে কোরআনের ভাষায় তা হল, যখন যুদ্ধক্ষেত্রে জালুত ও তার সৈন্যবাহিনীর সম্মুখীন হল তখন বলতে লাগল,

﴿ وَلَمَّا بَرَزُوا لِجَالُوتَ وَجُنُودِهِ قَالُوا رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ﴾

"তারা যখন যুদ্ধে জালূত ও তার সৈন্যবাহিনীর সম্মুখীন হল, তখন তারা বলল, হে আমাদের রব! আমাদেরকে ধৈর্য্য দান কর, আমাদের পা অবিচল রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।"[৫৪]

খুবাইব ﷺ কুফ্‌ফার কর্তৃক আটককৃত হয়ে মক্কায় আসেন। তারা তাঁকে শূলীবিদ্ধ করে। যখন তাঁকে শূলে চড়ানোর জন্য নেয়া হয় এবং শত্রুরা তাঁর দিকে তাদের অস্ত্রসমূহ তাক করে, তাঁকে প্রশ্ন করা হয়, *"তুমি কি তোমার বদলে মুহাম্মদকে তোমার অবস্থায় পছন্দ করবে?"* খুবাইব ﷺ বলেনঃ *"মুহাম্মদ ﷺ এর পায়ে একটি কাঁটা ফোটার বদলে আমি বরং মরতে পছন্দ করব এবং মুহাম্মদ ﷺ-কে মৃত্যু নয়, একটা কাঁটার আঘাত থেকে বাঁচাতে আমি আমার জীবন ত্যাগ করা এবং মৃত্যু বরণ করা পছন্দ করি।"* -এটাই হচ্ছে বিজয়। এটা প্রতীয়মাণ করে সাহাবাদের ঈমান কত মজবুত ছিল, রসূলুল্লাহ্‌ ﷺ এর প্রতি তাদের কত ভালবাসা ছিল। মুজাহিদীনগণ বলে যে, তারা আল্লাহ্‌ ও তাঁর রসূলকে ভালবাসে এবং তাঁদের জন্য নিজেদের জীবন উৎসর্গ করতেও তাঁরা প্রস্তুত। আজ যারা মুজাহিদীন নয়, তারা দাবী করে যে, তারা আল্লাহ্‌ ও তাঁর রসূল ﷺ-কে ভালবাসে, যদিও তারা ঘুরে বেড়ায়, নাচ-গান করে, শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে আরাম করে বসে থাকে, বিভিন্ন ধরনের খাদ্য গ্রহণ করে এবং বিভিন্ন অনুষ্ঠান উদ্‌যাপন করে। এরা সবচেয়ে নির্বোধ।

তুমি কিভাবে বলতে সাহস কর যে, তুমি আল্লাহ্‌র দ্বীনকে ভালবাস এবং তুমি জানো যে, আল্লাহ্‌র কিতাবের অবমাননা করা হচ্ছে এবং তুমি কিছুই করছ না? যখন তুমি জানো যে, তারা কুরআনকে টয়লেটে নিক্ষেপ করছে এবং তুমি তোমার অস্ত্র তুলে ধরছ না এবং আল্লাহ্‌র কারণে যুদ্ধ করছ না? যখন তুমি জানো যে, তারা রসূলুল্লাহ্‌ ﷺ-কে অসম্মানিত করেছে তাঁর ব্যাঙ্গাত্মক চিত্র অঙ্কনের মাধ্যমে? যখন তুমি জানো যে, তারা মুসলিম যুদ্ধ বন্দীদের শারিরীক ও মানসিকভাবে নির্যাতন করছে? যখন তুমি জানো যে, তারা মুসলিম যুদ্ধ বন্দীদের বিবস্ত্র করে এবং তাদের বাজে ছবি তুলে, উম্মাহকে বিব্রত এবং অবমাননা করছে? যখন তুমি জানো যে. সত্য ইসলামের উপর তারা বিকৃত ইসলামিক অধ্যায়ের প্রবর্তন করছে? যখন তুমি জানো যে, ইরাক, ফিলিস্তিনে, আফগানিস্তানে তারা নিরপরাধ বেসামরিক মুসলিমদের হত্যা করছে? যখন তুমি জানো যে, তারা পৃথিবীর বিভিন্ন জায়গায় মুজাহিদীনদের সাথে যুদ্ধ করছে? যখন তুমি জানো যে, তারা মুসলিম ভূমিতে আগ্রাসন চালিয়েছে? যখন তুমি জানো যে, তারা কুরআনের প্রতিটি পৃষ্ঠা টয়লেট পেপার হিসেবে ব্যবহার করছে? যখন তুমি জানো যে তাদের সেনাবাহিনীর প্রধান পরিষ্কার এবং প্রকাশ্যভাবে আল্লাহ্‌ এবং তাঁর রাসূলের ﷺ বিরুদ্ধে বক্তব্য দিয়েছে? তুমি কিভাবে আল্লাহ্‌ ও তাঁর রাসূলের প্রতি ভালবাসার দাবী কর, যখন তুমি জানো এসব অন্যায় হচ্ছে এবং তুমি কিছুই করছ না? তোমার জন্য কি তোমার বাড়িতে বোমা পড়তে হবে, যাতে তুমি উঠে দাড়িয়ে যুদ্ধ করবে? তখন অনেক দেরী হয়ে যাবে। মানসিকভাবে হতাশ হয়ে কিছু করা যাবে না। তুমি আল্লাহ্‌ ও তাঁর রাসূলের প্রতি বিশ্বাস দাবী করার সাথে সাথে, এই বিশ্বাসের বলে সবকিছু করতে পারবে। সাহাবাগণ রসূলুল্লাহ্‌ ﷺ এর আদেশের অধীনে অনেক তথাকথিত বিশিষ্ট ব্যক্তিদের হত্যাযজ্ঞ চালিয়েছিলেন, তাদের বিরুদ্ধে কি এ ক্ষেত্রে বলতে

[৫৪] সূরা আল-বাকারাঃ ২৫০

পারবে যে, মহানবী ﷺ মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন এবং তিনি হিকমাহ অবলম্বন করেননি? কোন সুস্থ এবং অনুশীলনরত মুসলিম কি এমন বলার সাহস করতে পারে? কি বলার আছে, আজ যখন একটি কাফির আল্লাহ্ এবং আমাদের রসূল ﷺ-কে অপমান করে আর আমরা বলি যে, তাদের সাথে আমাদের শান্তিপূর্ণ আলোচনা করা উচিত? আমরা ইসলামের সঠিকপথ থেকে কতখানি বিচ্ছিন্ন হয়ে গিয়েছি এবং এই সত্যপথকে কিভাবে আমাদের অসাড় যুক্তি দিয়ে পরিবর্তন করছি? কিছু মুসলিম বিতর্ক করে যে, এরকম হত্যা অভিযান চালানোর জন্য খলিফার প্রয়োজন। এই ওজর একেবারেই ভিত্তিহীন এবং আমাদের ভীরুতার পরিচায়ক।

ঠিক এসময় আমরা সেইসব ঘটনার মধ্য দিয়ে যাচ্ছি যা আমাদের কাছে মিথ্যা হতে সত্যকে পৃথক করে দেখাচ্ছে। এর পূর্বে সবকিছু ধোয়াটে ছিল এবং তুমি জানতে না, কে সত্য মু'মিন এবং কে মুনাফিক। কিন্তু এরকম ঘটনাসমূহ সত্য ঈমানকে নিফাকের মধ্য হতে প্রকাশ করে। আমরা আরও জানি যে, নিফাকের ঘটনা মদীনায় আত্মপ্রকাশ করেছিল এবং তা কখনই মক্কায় ছিল না। কেন? কারণ মদীনায় *জিহাদ* ছিল, আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿ أَوَلَا يَرَوْنَ أَنَّهُمْ يُفْتَنُونَ فِي كُلِّ عَامٍ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوبُونَ وَلَا هُمْ يَذَّكَّرُونَ ﴾

"তারা কি দেখে না যে, তাদেরকে প্রতি বৎসর একবার বা দু'বার বিপর্যস্ত করা হয়? তারপরও তারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না।"[৫৫]

এই আয়াত মুনাফিকদের উদ্দেশ্যে নাযিল হয়েছে। আল্লাহ্ তাদেরকে বলছেন যে, প্রতি বছর তাদের সামনে একটি বা দু'টি ঘটনার অবতারণা হয়। এই ঘটনাগুলো কি? রসূলুল্লাহ্ ﷺ এর সামনে ঈমান এবং নিফাক প্রকাশিত হয়ে পড়ে।

সহীহ আল-বুখারী-তে উখদুদ (গর্তের) বাসীদের কাহিনী লিপিবদ্ধ আছে, বিজয় কাকে বলে এই কাহিনী তার বিশাল উত্তর। তারা একটি জাতি বা দল ছিল যারা আল্লাহ্র উপর বিশ্বাস স্থাপন করেছিল এবং সে সময়কার রাজার সাথে সংঘর্ষে লিপ্ত হয়েছিল। রাজা তাদের বলেছিল যে, হয় ধর্ম ত্যাগ কর এবং বেঁচে থাক অথবা নিজ ধর্মে থাক এবং মৃত্যু বরণ কর। তারা মৃত্যুকে বেছে নিল। তাদের মৃত্যুর পদ্ধতি এত ভয়বাহ ছিল যে, তারা যা করেছিল আমাদের অবশ্যই তার প্রশংসা করা উচিত। তাদেরকে বলা হয়েছিল তারা যেন জ্বলন্ত কাঠ দ্বারা পূর্ণ গর্তসমূহে জীবন্ত ঝাপিয়ে পড়ে। তারা একের পর এক ঝাপ দেয় এবং আগুনে পুড়ে মৃত্যুবরণ করে। তারা এই পৃথিবীর আগুনকে পরকালের আগুনের বিনিময়ে বেছে নিয়েছিল। সেখানে সদ্যজাত একটি শিশুসন্তানসহ মা উপস্থিত ছিলেন, যাদেরকে আগুনে ঝাপ দিতে বলা হয়েছিল। যখন সেই মা গর্তের খুব কাছে চলে আসে, সে ইতঃস্তত বোধ করে, তখন আল্লাহ্ এই সদ্যজাত শিশু সন্তানের মুখে কথা ফুটিয়ে দেন এবং সে বলতে থাকে। ***"হে মা! তুমি তো সৎ পথেরই অনুসরণ করছ, সুতরাং দৃঢ় থাক।"*** এরপর সে আগুনে ঝাপিয়ে পড়ে এবং মৃত্যুবরণ করে। এই মহিলা প্রথম পদক্ষেপ নিয়েছিল আর তা হল গর্তের কাছে যাওয়া। কিন্তু যখন সে ইতস্তত করল, আল্লাহ্ তাকে সাহায্য করলেন। এভাবে তুমি যদি আল্লাহর পথে একটি পদক্ষেপ দাও, আল্লাহ্ তোমার দিকে অনেক পদক্ষেপ দিবেন। তুমি যদি আল্লাহর দিকে চলতে শুরু কর, তিনি তোমার দিকে দৌড়ে আসবেন। এ কাহিনীর সারমর্ম হল, প্রথমে পদক্ষেপ নেয়া এবং তুমি যদি এই পথে দূর্বল হয়ে পড়, আল্লাহ্ তোমাকে সাহায্য করবেন, যদি তুমি ইখলাসের সাথে শুরু করে থাক। সুতরাং, আল্লাহ্ এই শিশুকে কথা বলানের মাধ্যমে মহিলাকে কিরামাহ দেখালেন, শুধুমাত্র তাদের রক্ষা করার জন্য। পার্থিব ও নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে তারা সবাই পরাজিত হয়েছিল (!)। তাদের সবাইকে হত্যা করা হয়েছিল এবং রাজা তাদের দ্বীনকে নির্মূল করতে সফল হয়েছিলেন। তা সত্ত্বেও আল্লাহ্ তাদের সম্পর্কে বলেনঃ **"এটাই বড় বিজয়।"**[৫৬]

বিজয়ের সপ্তম অর্থঃ তোমার আদর্শের বিজয়

তোমার আদর্শের বিজয় হচ্ছে বিজয়ের সপ্তম অর্থ। আদর্শের সমারোহে তোমার আদর্শই সর্বোৎকৃষ্ট। তোমার আদর্শ এবং মূলনীতি জয়ের মাধ্যমে সমাপ্ত হয়। কখনও এটা সত্যিকার অর্থে জয়ী হয়, যখন তুমি তোমার রক্ত দিয়ে এর মূল্য পরিশোধ কর। ইব্রাহিম عليه السلام যুক্তির মাধ্যমে তার নিজ গোত্রের বিরুদ্ধে তাঁর এই আদর্শে জয়ী হয়েছেন। আল্লাহ্ ﷻ বলেনঃ

[৫৫] সূরা আত-তওবাঃ ১২৬
[৫৬] সূরা আল-বুরূজঃ ১১

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِي حَاجَّ إِبْرَاهِيمَ فِي رَبِّهِ أَنْ آتَاهُ اللَّهُ الْمُلْكَ إِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّيَ الَّذِي يُحْيِي وَيُمِيتُ قَالَ أَنَا أُحْيِي وَأُمِيتُ قَالَ إِبْرَاهِيمُ فَإِنَّ اللَّهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كَفَرَ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ﴾

"তুমি কি ঐ ব্যক্তিকে দেখ নাই, যে ইব্রাহীমের সাথে তাঁর রব সম্বন্ধে বিতর্কে লিপ্ত হয়েছিল, যেহেতু আল্লাহ্ তাকে কর্তৃত্ব দান করেছিলেন। যখন ইব্রাহীম বলল, তিনি আমার রব যিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান, সে বলল, আমিও তো জীবন দান করি ও মৃত্যু ঘটাই। ইব্রাহীম বলল, আল্লাহ্ সূর্যকে পূর্ব দিক হতে উদয় করান, তুমি তাকে পশ্চিম দিক হতে উদয় করাও। অতঃপর যে কুফরী করেছিল, সে হতবুদ্ধি হয়ে গেল। আল্লাহ্ যালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।"[৫৭]

সূরা বুরুজে ছেলেটির কাহিনী যা গর্তের ঘটনার জন্ম দেয় তা হচ্ছে, রাজাটি ছেলেটিকে হত্যা করতে চেয়েছিল। রাজার লোকেরা তাকে পর্বত হতে নিক্ষিপ্ত করে এবং সমুদ্রে ডুবিয়ে দিতে চায়। কিন্তু প্রত্যেকবার রাজা ব্যর্থ হয়। ছোট ছেলেটি তখন রাজার কাছে এল এবং বলল, *"যদি তুমি আমাকে হত্যা করতে চাও, তবে আমার একটি তীর নাও এবং বল বিসমিল্লাহ; অতঃপর আমাকে আঘাত কর,তাহলে তুমি আমাকে মারতে পারবে। কিন্তু তোমাকে তা করতে হবে আল্লাহর নামে।"* ছোট ছেলেটি আরেকটি শর্ত জুড়ে দিল যে, রাজাকে তা প্রত্যেকের সামনে করতে হবে। যখন প্রত্যেকে দেখল যে, রাজা এ তরুণকে আল্লাহ্র নামে হত্যা করতে সমর্থ হল, তখন কি ঘটল? তখন তারা সবাই মুসলিম হয়ে গেল এবং এটা ঠিক তাই, যা ছোট ছেলেটি চেয়েছিল এবং ঠিক তা, যা রাজা এড়িয়ে যেতে চেয়েছে। রাজা এই তরুণকে নির্মূল করতে চেয়েছিল তার বিশ্বাসের কারণে এবং এই কারণে প্রত্যেকে মুসলিম হয়ে গেল। সে এই তরুণের 'দাওয়া'-কে ভয় পেয়েছিল এবং এখন তার এই দাওয়া পুরো রাজত্বে ছড়িয়ে পড়েছে। এখানে তরুণটি দাওয়ার জন্য মূল্য পরিশোধ করেছে এবং এ মূল্য ছিল তার নিজের রক্ত। আমরা আমাদের সমসাময়িককালে সাইদ কুতুবের رحمه الله মত মানুষদের দেখি। তিনি কালি এবং নিজ রক্ত দিয়ে লিখেছেন। শায়খ আব্দুল্লাহ আজ্জাম رحمه الله এবং শায়খ ইউসুফ আল উয়াইরি رحمه الله । তারা অত্যন্ত আশ্চর্যজনক বই লিখেছেন এবং তাঁদের মৃত্যুর পর এসব বইকে জীবন্ত করতে আল্লাহ্ যেন তাঁদের আত্মাকে এসব বইয়ের শব্দের মধ্যে প্রবেশ করে দিয়েছেন। এই ত্যাগ তাঁদের এই শব্দগুলোকে নতুন জীবন দিয়েছে।

রসূলুল্লাহ্ ﷺ বলেছেন, *"একটি তাইফাহ্ সব সময়ে বিজয়ী থাকবে।"* এখানে বিজয়ী থাকার অর্থ এই নয় যে তারা সব সময়ে যুদ্ধ ক্ষেত্রে জয় লাভ করতে থাকবে; বরং বিজয়ী থাকা অর্থ হচ্ছে তাদের দাওয়াহ্ সব সময়ে চালু থাকবে। তারা যুদ্ধে হেরে যেতে পারে কিন্তু তাদের দাওয়াহ্ বিজয় লাভ করবে এবং সর্বত্র ছড়িয়ে পরবে। কেউই তাদের দাওয়াহ্-কে বন্ধ করতে পারবেনা। এটি হচ্ছে সেই আদর্শ যার মাধ্যমে এই দলকে প্রজন্মের পর প্রজন্ম শক্তিশালী রাখবে।

বিজয়ের অষ্টম অর্থঃ কারামাহ্র মাধ্যমে শত্রুকে ধ্বংস করা

আল্লাহ্ মুজাহিদীনদের শত্রুদের অলৌকিক উপায়ে বা ঘটনার মাধ্যমে ধ্বংস করবেন। এটা এ কারণে যে মুজাহিদীনরা তাদের সর্বোচ্চ সাধ্য অনুযায়ী চেষ্টা করেছে। মুজাহিদীন এবং শত্রুদের শক্তির ব্যাপক ব্যবধানের কারণে আল্লাহ্ তাদের অলৌকিক উপায়ে সাহায্য করবেন। এই ধরনের ঘটনা ঘটে যখন মুজাহিদীনরা তাদের সর্বোচ্চ প্রস্তুতি, প্রশিক্ষণ ও যুদ্ধের জন্য চেষ্টা চালায়। যেহেতু তারা আল্লাহ্র হুকুম পালনের জন্য সাধ্যমত চেষ্টা করেছে। আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِالْجُنُودِ قَالَ إِنَّ اللَّهَ مُبْتَلِيكُمْ بِنَهَرٍ فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّي وَمَنْ لَمْ يَطْعَمْهُ فَإِنَّهُ مِنِّي إِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهِ فَشَرِبُوا مِنْهُ إِلَّا قَلِيلًا مِنْهُمْ فَلَمَّا جَاوَزَهُ هُوَ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ قَالُوا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوتَ وَجُنُودِهِ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُمْ مُلَاقُو اللَّهِ كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ﴾

